# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫১২

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি রমযান মাসে ভুলবশত কোন কিছু খেয়ে নেয়, তার উপর কাযা বা কাফফারা কোন কিছু জরূরী নয় মর্মে বর্ণনা

ذِكْرُ نَفْيِ الْقَضَاءِ وَالْكَفَّارَةِ عَلَى الْآكِلِ الصَّائِمِ فِي شَهْرِ رَمَضَانَ نَاسِيًا

আরবী

3512 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ مُحَمَّدِ بْنِ مَرْزُوقٍ الْبَاهِلِيُّ بِالْبَصْرَةِ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ الْأَنْصَارِيُّ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَمْرٍو عَنْ أَبِي سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم قَالَ: (مَنْ أَفْطَرَ فِي شَهْرِ رَمَضَانَ ناسياً فلا قضاء عليه ولا كفارة)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3512 | خلاصة حكم المحدث: حسن ـ ((الإرواء)) (4/ 87).

বাংলা

৩৫১২. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যখন সিয়াম পালনকারী ব্যক্তি ভুলবশত সিয়াম ভেঙ্গে ফেলে, তবে তার উপর কাযা ও কাফফারা কোন কিছুই বর্তাবে না।”[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ১৯৯০; দারাকুতনী: ২/১৭৮; হাকিম: ১/৪৩০; সুনান বাইহাকী: ৪/২২৯; মাজমাউয যাওয়াইদ: ৩/১৫৭-১৫৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (ইরওয়াউল গালীল: ৪/৮৭)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92846

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন